গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখঃ ১৭/১১/২০১৯ খ্রি.

## ২০১৯ সনের অনার্স ১ম বর্ষ অনিয়মিত, গ্রেড উন্নয়ন ও বিশেষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কলেজের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের ১ম বর্ষ অনার্স পরীক্ষা-২০১৯ এর ফরম পূরণ সংক্রান্ত ফি ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপঃ

| বিষয়ের নাম | ফরমপূরণ ও ফি জমা দেয়ার তারিখ | সময় |
|---|---|---|
| বাংলা, দর্শন, মার্কেটিং | ১৮/১১/২০১৯ | অনার্স ৩য় বর্ষ পরীক্ষার দিন দুপুর ১:০০টা হতে বিকাল ৩:০০ টা পর্যন্ত এবং অন্যান্য দিন সকাল ১০:০০ হতে দুপুর ২:০০ টা পর্যন্ত প্রশাসনিক ভবনের ক্যাশ শাখায় জমা দিতে হবে। |
| ইংরেজি, ইতিহাস, ব্যবস্থাপনা, | ১৯/১১/২০১৯ | |
| ইসলামের ইতিহাস, ইসলামী শিক্ষা | ২০/১১/২০১৯ | |
| সমাজবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি | ২১/১১/২০১৯ | |
| ফিন্যান্স, হিসাববিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান | ২৪/১১/২০১৯ | |
| রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিদ্যা, গার্হস্থ্য অর্থনীতি, পদার্থবিজ্ঞান, পরিসংখ্যান, গণিত, ভূগোল ও পরিবেশ, মনোবিজ্ঞান | ২৫/১১/২০১৯ | |

### নিয়মিত/অনিয়মিত/মানোন্নয়ন ছাত্রীদের পরীক্ষার ফি

| অনার্স বিষয়ের নাম | ফরম পূরণের ফি |
|---|---|
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, ইসলামী শিক্ষা, দর্শন, , সমাজবিজ্ঞান, অর্থনীতি, ফিন্যান্স ও ব্যাংকিং, | ২,৮৩০.০০ |
| হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা মার্কেটিং, | ৩,১৩০.০০ |
| সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান | ৩,৪৩০.০০ |
| পরিসংখ্যান, ভূগোল ও পরিবেশ | ২৫৭৫.০০ |
| মনোবিজ্ঞান | ২,৬৬০.০০ |
| প্রাণিবিদ্যা, | ২,৯২০.০০ |
| রসায়ন, | ৩,২৬০.০০ |
| উদ্ভিদবিজ্ঞান, | ৩,২২০.০০ |
| গার্হস্থ্য অর্থনীতি | ৩,১৬৫.০০ |
| পদার্থবিজ্ঞান, | ৩,৬১৫.০০ |
| গণিত | ৩,৮৪০.০০ |
| ***নন-কলেজিয়েট ফি (নন-কলেজিয়েট ফি মূল ফি'র সাথে যোগ করে জমা দিতে হবে)** | **১৫০০.০০** |
| মানোন্নয়ন ১পত্র (মানোন্নয়ন পরবর্তী প্রতি পত্রের জন্য ৩০০/- হারে যোগ করে জমা দিতে হবে) | ১৭৫৫.০০ |
| **মানোন্নয়ন পরীক্ষার্থীদের ব্যবহারিক/মৌখিক পত্র থাকলে ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ ১৩০/- (২য় দিনের জন্য ৭৫/-) ও মৌখিক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ ৭৫/- সংশ্লিষ্ট বিভাগে জমা দিবে।** | |

বিভাগ কর্তৃক ডাটা এন্ট্রির সর্বশেষ তারিখ ২৬/১১/২০১৯ খ্রি.। নিম্নের নিদের্শনা অনুযায়ী তথ্যাদি অফিস জমা দেখার তারিখ ২৬/১১/২০১৯ খ্রি. দুপুর ১:০০ টা।

অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়ম (শিক্ষার্থীদের জন্য):
(ক) আবেদনকারীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form fill-up** বাটন ক্লিক করে সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রি প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক হলে অনলাইন থেকে একটি পূরণকৃত ফরম প্রিন্ট করে নিবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয়সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাদি উল্লেখ থাকবে। অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই ফরম পূরণের শেষ তারিখ পর্যন্ত সংশোধন করতে পারবে।

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ বিভাগীয় প্রধান স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ২১/১১/২০১৯ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩১০ নং কক্ষে জানাতে পারবে।

২. ফরম পূরণের ফি জমা দেয়া:
সংশ্লিষ্ট বিভাগ হতে টাকা জমা রশিদ সংগ্রহ করে ৩ অংশে পরীক্ষার্থীর নাম, ক্লাস রোল নম্বর, টাকার পরিমাণ ও নিজ মোবাইল নম্বর (স্বচল) অবশ্যই লিখতে হবে। ক্যাশ শাখায় নির্ধারিত টাকা জমা দিয়ে স্ব স্ব বিভাগে গিয়ে ফরম সংগ্রহ ও জমা দিবে।

৩। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা:
(ক) নিয়মিত পরীক্ষার্থীদের জন্য:
২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত শিক্ষার্থীগণ নিয়মিত এবং ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে ২০১৯ সনের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। শিক্ষার্থীদের ক্লাসে কমপক্ষে ৭৫% উপস্থিতি থাকতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতি ৬০%-৭৪% এর মধ্যে আছে সেই সকল শিক্ষার্থীকে "নন-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে এবং "নন-কলেজিয়েট" ফিস প্রদান করতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতি ৬০% এর কম আছে সেই সকল শিক্ষার্থীকে "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে এবং "ডিস-কলেজিয়েট" শিক্ষর্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

০৪. কলেজের বিভাগসমূহের জন্য করণীয় ঃ
(ক) শিক্ষার্থীর পরীক্ষায় অংশগ্রহনের যোগ্যতা এবং পরীক্ষার্থী তার পরীক্ষার পত্র অনুযায়ী টাকা জমা দিয়েছে কিনা তা নিশ্চিত হয়ে ফরম জমা নিতে হবে। 'নন-কলেজিয়েট' পরীক্ষার্থীর টাকা জমা রশিদের উপর "নন-কলেজিয়েট" সীল দিতে হবে। টাকা জমা রশিদের কলেজ অংশ আবেদন ফরমের সাথে জমা রাখতে হবে।

ঘ) ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ: ২০১৯ সনের অনার্স ১ম বর্ষ (২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ) নিয়মিত শিক্ষার্থী ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ অনিয়মিত (যাদের পূর্বে প্রেরণ করা হয়নি) শিক্ষার্থীদের ফরম পূরণের সময় সংশ্লিষ্ট কোর্সে পেপার কোড নম্বর ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এক্সেলে পূরণ করে বিভাগীয় প্রধানের স্বাক্ষরসহ হার্ডকপি ও সফ্ট কপি কলেজের রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে।

১৭।১১।১৯

(প্রফেসর ড. শামসুন নাহার)
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:
১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
২। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৩। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৪। কোষাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাক।
৫। সংরক্ষণ নথি।